# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং পনি/পিএ-১২৬৫ তারিখ : ১৬-০৭-২০২৬ খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৬ এর ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য জরুরী নির্দেশনা

এ বোর্ডের অধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা ২০২৬-এর সিকিউরিটি প্যাকেট খোলার পূর্বে প্রাপ্ত মেসেজ অনুযায়ী পরীক্ষার সময়সূচি, সেট কোড, বিষয়, পত্র, বিষয় কোড ভালভাবে যাচাই-বাছাই করতে হবে এবং **প্রশ্নপত্রের প্যাকেট খোলার পরও পুনরায় সেট কোড, বিষয় ও বিষয় কোড সময়সূচি অনুযায়ী সঠিক আছে কিনা তা যাচাই করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র প্রেরণ করবেন।** **পূর্বের নির্দেশনা অনুযায়ী প্রতিদিনের পরীক্ষা শেষে সেট কোড সংক্রান্ত মেসেজ মুছে ফেলতে হবে।**

**উল্লেখ্য যে, বোর্ড কর্তৃক এ সংক্রান্ত নির্দেশনা পূর্বেই অন-লাইনে দেওয়া থাকলেও কিছু কিছু কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনে অবহেলা ও উদাসীনতা পরিলক্ষিত হচ্ছে, ফলে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম পচিালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাকে আরও সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।**
পরীক্ষা সংক্রান্ত কোনো জটিলতা পরিলক্ষিত হলে সাথে সাথে স্থানীয় প্রশাসন ও পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৬-০৭-২০২৬
(প্রফেসর এস. এম. হোসেন আলী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা
এ বোর্ডের অধীন সকল
এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬